

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৪১/২০১৬

অভিযোগকারী : জনাব আলাউদ্দিন আল মাহুম
পিতা:-মৃত ইয়াকুব আলী
৬২৪/২ ইব্রামিপুর
থানা: কাফরুল, ঢাকা।

প্রতিপক্ষ : নির্বাহী ম্যাজিস্ট্রেট
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
জেলা প্রশাসকের কার্যালয়
ঢাকা।

সিদ্ধান্তপত্র

(তারিখ : ২৮-০৩-২০১৬ ইং)

অভিযোগকারী ০১-১২-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব দিল্লী ময়ী জামান, নির্বাহী ম্যাজিস্ট্রেট ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

ঢাকা জেলা প্রশাসকের এল এ শাখায় কর্মরত কর্মকর্তা কর্মচারীদের জুলাই ২০১১ এর হাজিরা খাতার সত্যায়িত ফটোকপি।

- ২। আবেদনের প্রেক্ষিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ১৭-১২-২০১৫ তারিখে অভিযোগকারীকে ০৫.৪১.২৬০০.০১৯.১৬.০০১.১৫-১৪০ (সং) নং স্মারকে জবাব প্রদান করেন। প্রদত্ত তথ্য মিথ্যা এবং সন্দেহজনক উল্লেখ করে অভিযোগকারী ০৭-০১-২০১৬ তারিখে জনাব মো: জিল্লার রহমান বিভাগীয় কমিশনার ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), বিভাগীয় কমিশনারের কার্যালয় সেগুন বাগিচা, ঢাকা বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ১১-০২-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।
- ৩। ২৯-০২-২০১৬ তারিখের সভায় অভিযোগটি আমলে নিয়ে ২৮-০৩-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।
- ৪। শুনানীতে অভিযোগকারী সময়ের আবেদন করে গরহাজির ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য প্রাপ্তির আবেদন পাওয়ার পর চাহিত তথ্যটি এল এ শাখা সংক্রান্ত হওয়ায় তিনি উক্ত শাখার কর্মকর্তার নিকট আবেদনটি প্রেরণ করেন। এল এ শাখা থেকে জানানো হয় যে, উক্ত নথিটি পুরাতন হওয়ায় তা সংরক্ষণ করা হয় নি। অতঃপর অভিযোগকারীকে এল এ শাখায় উক্ত নথিটি সংরক্ষিত নেই মর্মে চিঠি প্রেরণপূর্বক জানানো হয়।

পর্যালোচনা

প্রতিপক্ষের বক্তব্য শ্রবণান্তে ও পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কর্তৃক অভিযোগকারীকে প্রার্থিত তথ্য সরবরাহ করা সম্ভব হয় নি, কারণ সংশ্লিষ্ট শাখায় উক্ত তথ্যসম্বলিত হাজিরা খাতা সংরক্ষিত নেই। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত তথ্য বিশ্লেষণে দেখা যায় যে, তথ্য অধিকার (তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনা) প্রবিধানমালা, ২০১০ এর ৬(৫) প্রবিধি অনুযায়ী হাজিরা খাতা 'ঘ' শ্রেণীর রেকর্ড বিধায় এক বছর সংরক্ষণের পর বিনষ্টযোগ্য এবং চাহিত ২০১১ সালের হাজিরা খাতা এক বছর সংরক্ষণ করা হয়েছিল বিধায় তা থেকে কোন ফটোকপি প্রদান করা সম্ভব হয়নি। উক্ত বিষয়টি কমিশনের নিকট যুক্তিসংগত এবং গ্রহণযোগ্য বিবেচিত হওয়ায় অভিযোগটি খারিজ মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্য অধিকার (তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনা) প্রবিধানমালা, ২০১০ অনুযায়ী তথ্যটি সংরক্ষিত না থাকায় তথ্যটি প্রদান করা সম্ভব হয়নি যা যথাযথ বিবেচনায় তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী নির্বাহী ম্যাজিস্ট্রেট ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা কে অত্র অভিযোগ থেকে অব্যাহতি দেয়া হলো এবং অভিযোগটি খারিজ করা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার

[বে.স]